

1st Technical Committee Meeting

HCFC Phase-out Management Plan (HPMP Stage-II) project

Date: 24/08/2022

Decision of the technical committee meeting is as follows:

- **The Technical Committee will conduct a site visit of Unitech Products (BD) Ltd. scheduled for HCFC Phaseout under the scheme and take further decisions on their current status and actions to be taken.**
- **After installation of the new machineries by the companies, the technical committee will conduct on-site inspection of the factories.**
- **The project partner companies will be requested by the project director to obtain appropriate license from BSTI.**

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১৮.১৪.০২৭.২১/ ২৫০

১০/০৫/১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ -----।
২৫/০৮/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "HCFC Phase-out Management Plan (HPMP Stage-II)" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটি-এর প্রথম সভার কার্য-বিবরণী।

পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "HCFC Phase-out Management Plan (HPMP Stage-II)" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটি-এর প্রথম সভা বিগত ২৪ আগস্ট ২০২২ (বুধবার); সকাল: ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণকারীদের তালিকা পরিশিষ্ট-ক এ সংযুক্ত।

২.০: উপস্থাপনা :

- ২.১: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রকল্প পরিচালক জনাব মোঃ ইলিয়াস মাহমুদ সভাটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সবাইকে অবহিত করেন এবং প্রকল্পটি সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করেন।
- ২.২: প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য এবং লক্ষ্য হল ৫টি রেফ্রিজারেন্ট এবং ১টি চিলার উৎপাদনকারী প্রতিষ্ঠান থেকে ১৭.০৯ ওজোন ডিপ্লোটিং পটেনশিয়াল (ODP) টন HCFC গ্যাস ফেজ-আউট করা এবং এতে করে ১.৭৩ মিলিয়ন টন CO2 সমমানের গ্রীনহাউজ গ্যাস নির্গমণ হ্রাস পাবে।
- ২.৪: সভায় ২০২১-২২ অর্থ বছরে সম্পাদিত কাজের বিবরণী উপস্থাপন করা হয়।

৩:০ আলোচনা:

- ৩.১: সভাপতি প্রকল্পের আওতায় HCFC Phaseout এর জন্য নির্ধারিত ৬টি কোম্পানি (এসি বাজার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, সুপ্রিম এয়ারকন্ডিশনিং কোং, ইউনিটেক প্রোডাক্টস (বিডি) লিমিটেড, এলিট হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং কুলিং পয়েন্ট ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস) এর প্রযুক্তি কনভারসনের কাজের বর্তমান অবস্থা জানতে চাইলে প্রকল্প পরিচালক তাদের বর্তমান অবস্থা বর্ণনা করেন। তিনি বলেন ৫টি কোম্পানি (এসি বাজার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, সুপ্রিম এয়ারকন্ডিশনিং কোং, এলিট হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং কুলিং পয়েন্ট ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস) প্রযুক্তি কনভারসনের জন্য ব্যবহৃত যন্ত্রাংশ ক্রয়ের জন্য এলসি খুলেছেন। অপরপক্ষে ইউনিটেক প্রোডাক্টস (বিডি) লিমিটেড এখনো এল সি খুলেনি।
- ৩.২: সভায় কোম্পানিসমূহ কর্তৃক এই প্রকল্পের আওতায় ক্রয়তব্য যন্ত্রাংশ ও তাদের স্থাপন সম্পর্কে বিশদ আলোচনা হয়।
- ৩.৩: সভায় প্রকল্পের সহযোগি প্রতিষ্ঠান ইউনিটেক প্রোডাক্টস (বিডি) লিমিটেড মালিকানা পরিবর্তনজনিত কারণে মাইলস্টোন-২ এর অগ্রগতির বিলম্বের বিষয়ে বিশদ আলোচনা হয়।

৩.৪: সভায় উপস্থিত বিএসটিআই এর প্রতিনিধি জনাব মুবিন-উল-ইসলাম বাংলাদেশ বর্তমানে সকল এসি কোম্পানির জন্য বাধ্যতামূলক বিএসটিআই হতে লাইসেন্স গ্রহণের বিষয়ে আলোচনা করেন।

৪.০ সিদ্ধান্ত সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন-বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৪.১: কারিগরি কমিটি প্রকল্পের আওতায় HCFC Phaseout এর জন্য নির্ধারিত প্রতিষ্ঠান ইউনিটেক প্রোডাক্টস (বিডি) লিমিটেড এর ফ্যাক্টরি সরেজমিন পরিদর্শন করে তাদের বর্তমান অবস্থা এবং করণীয় বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৪.২: কোম্পানিসমূহ কর্তৃক প্রযুক্তি কনভারসনের যন্ত্রাংশ স্থাপনের পর কারিগরি কমিটি ফ্যাক্টরিসমূহ সরেজমিন পরিদর্শন করবে।

৪.৩: প্রকল্পের সহযোগী প্রতিষ্ঠানসমূহকে বিএসটিআই হতে লাইসেন্স গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক অনুরোধ জানানো হবে।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫/০৮/২০২২ খ্রি:

(মুহাম্মদ সোলায়মান হায়দার)

পরিচালক (পরিকল্পনা)

ও

সভাপতি, কারিগরি কমিটি

HPMP Stage II প্রকল্প।

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

নং-২২.০২.০০০০.০১৮.১৪.০২৭.২১/ ১০০


১০/০৫/১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ -----।
২৫/০৮/২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. জনাব মুহাম্মদ সোলায়মান হায়দার, পরিচালক (পরিকল্পনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২. মিজ শাহানারা বেগম, উপসচিব (পরিকল্পনা-৪ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩. জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি।
৪. জনাব মুবিন-উল-ইসলাম, সহকারি পরিচালক (বিদ্যুৎ), প্রধান কার্যালয়, বিএসটিআই, ঢাকা।
৫. অধ্যাপক ড. মোঃ আশিকুর রহমান, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।
৬. জনাব সত্য রঞ্জন ভট্যাচার্য্য, ইউএনডিপি বাংলাদেশ।

অনুলিপিঃ

১. সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।



২৫/০৮/২০২২ খ্রি:

(মুহাম্মদ সোলায়মান হায়দার)

পরিচালক (পরিকল্পনা)

ও

সভাপতি, কারিগরি কমিটি

HPMP Stage II প্রকল্প।

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।